

ইবিতে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার অংশ হিসাবে কর্মকর্তাদের দক্ষতা বৃদ্ধিতে শুদ্ধাচারের ভূমিকা শীর্ষক প্রশিক্ষণ কর্মশালা অনুষ্ঠিত।

তারিখঃ ৯ মার্চ ২০২৪ ইং

ইবিতে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার অংশ হিসাবে কর্মকর্তাদের দক্ষতা বৃদ্ধিতে শুদ্ধাচারের ভূমিকা শীর্ষক প্রশিক্ষণ কর্মশালা অনুষ্ঠিত

ইসলামী বিশ্ববিদ্যালয়ের প্রশাসন ভবনের সভাকক্ষে শনিবার সকালে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার অংশ হিসাবে কর্মকর্তাদের দক্ষতা বৃদ্ধিতে শুদ্ধাচারের ভূমিকা শীর্ষক প্রশিক্ষণ কর্মশালা অনুষ্ঠিত হয়। জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২৩-২০২৪ এর অংশ হিসাবে অনুষ্ঠিত দিনব্যাপী এ কর্মশালায় প্রধান অতিথি হিসেবে কর্মশালার আনুষ্ঠানিক উদ্বোধন করেন ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. শেখ আবদুস সালাম। অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন ট্রেজারার প্রফেসর ড. মোঃ আলমগীর হোসেন ভূঁইয়া। কর্মশালায় স্বাগত বক্তব্য রাখেন রেজিস্ট্রার(ভারপ্রাপ্ত) এইচ .এম আলী হাসান। কর্মশালায় রিসোর্স পারসন হিসাবে ট্রেজারার প্রফেসর ড. মোঃ আলমগীর হোসেন ভূঁইয়া মূল বক্তব্য উপস্থাপন করেন। উদ্বোধনী অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বিশ্ববিদ্যালয়ের এপিএ টিমের আহবায়ক প্রো-ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. মোঃ মাহাবুবুর রহমান। প্রশিক্ষণ কর্মশালায় ইসলামী বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন অফিসের কর্মকর্তাগণ অংশগ্রহণ করেন। প্রশিক্ষণ কর্মশালা অনুষ্ঠানটি পরিচালনা করেন উপ-রেজিস্ট্রার(প্রশাসন) ও এপিএ'র ফোকাল পয়েন্ট কর্মকর্তা চন্দন কুমার দাস।

